মেহেরপুরে আন্তজেলা ডাকাতদলের সর্দারসহ ৬ ডাকাত ৪ দিনের রিমান্ডে

গাংনীতে পৃথক দুটি ডাকাতির ঘটনায় গ্রেফতারকৃত ৮ জেলা ডাকাত দলের সর্দারসহ ৬ ডাকাতকে এবার ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত।

আজ সোমবার (২১ নভেম্বর) দুপুরের মেহেরপুর আমলী আদালত (গাংনী) এর বিচারক তারিক হাসানের আদালতে শুনানী শেষে এই ৬ ডাকাতকে পৃথক দুটি ডাকাতির মামলায় ২ দিন করে মোট ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করে বলেন, আসামিদের দুটি ডাকাতি মামলায় ৭ দিন করে রিমান্ডের আবেদন করলে আদালত মামলা দুটিতে ২ দিন করে ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

ডাকাতরা হলেন, ৮ টি জেলার ডাকাত দলের সর্দার কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার শিমুলিয়া ডাঙ্গীপাড়া এলাকার আজিমুদ্দীনের ছেলে আলতাফ মন্ডল (৬০), সদর উপজেলার বোয়ালদহ গ্রামের অক্ষর মন্ডলের ছেলে সোহেল হোসেন (৩৫) ও মিরপুর উপজেলার নওদা পাড়া গ্রামের তাছের বিশ্বাসের ছেলে শাহাজামাল (৩৪)।

মেহেরপুর সদর উপজেলার সোনাপুর গ্রামের আব্দুল হামিদের ছেলে তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের হামিদ মালিথার ছেলে তরিকুল ইসলাম (২৫), শিবপুর গ্রামের মুকুল জোয়ার্দ্দারের ছেলে আরিফুল ইসলাম ওরফে খোকন ওরফে প্রতীক (২৮), চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালীয়া গ্রামের আব্দুল মান্নান ওরফে মনা বাগের ছেলে সালাউদ্দীন (৪০)।

গত ১ সেপ্টেম্বর, ২৪ সেপ্টেম্বর দেবিপুর-করমদি মাঠে ও ১৩ অক্টোবর ছাতিয়ান-কামারখালি মাঠের মধ্যে ডাকাতির ঘটনায় এই ৬ ডাকাতকে ২ দিন করে ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছে। এর আগে ১ সেপ্টেম্বর দিবাগত রাতে দেবিপুর-কল্যাণপুর মাঠে সংঘঠিত ডাকাতির ঘটনায় প্রথম দফায় সব ডাকাতদের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছিল আদালত।

গ্রেফতারকৃত ডাকাত শাহাজামালের কাছে কুষ্টিয়া থেকে প্রকাশিত স্থানীয় একটি পত্রিকার পরিচয়পত্র পাওয়া গেছে। সাংবাদিক পরিচয়ে সাহাজামালের নামে কুষ্টিয়া মিরপুর, রাজবাড়ি সদর ও কালুখালি, গাংনী থানাসহ বিভিন্ন থানায় ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে ৬ টি মামলা রয়েছে। গ্রেফতারকৃত আলতাফ হোসেন মন্ডল আশে পাশের ৮ টি জেলায় ডাকাতির সর্দার বলে জানা গেছে। ডাকাত দলের সর্দার আলতাফ হোসেনের বিরুদ্ধে রাজবাড়ি সদর থানা, কালুখালি থানা, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থানা ও গাংনী থানায় চুরি, ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনে মোট ৬ টি মামালা রয়েছে। এছাড়া গ্রেফতারকৃতরা বাকি ৫ জন সবাই আন্তজেলা ডাকাত দলের সদস্য। তাদের প্রত্যেকের নামে একাধিক মামলা রয়েছে।

গাংনী উপজেলার তিনটি স্থানে ডাকাতির ঘটনায় (১৫অক্টোবর) পুলিশ তথ্য প্রযুক্তির সহায়তায় জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি), সাইবার ক্রাইম অপরাধ বিভাগ, সদর ও গাংনী থানা পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে

প্রথমে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের তরিকুল ইসলামকে গাংনী উপজেলার জুগিন্দা গ্রাম থেকে গ্রেফতার করে। এরপর তার স্বীকারোক্তি অনুযায়ী বাকি ৫ জন আসামিকে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহসহ বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে গ্রেফতার করে।

ডাকাতির কাজে ব্যবহৃত একটি মিনি ট্রাক যার নং কুষ্টিয়া ন-১১-০২৯৩), বিভিন্ন মোবাইল কোম্পানীর ৬টি মোবাইল ফোন, তিনটি রামদা উদ্ধার করে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের ব্যাগ থেকে টাকা চুরি

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে এসে দুই রোগীর টাকা চুরির ঘটনা ঘটেছে। আজ সোমবার বেলা ১১টার সময় উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সের ১১৭ নাম্বার কক্ষের দরজায় এঘটনা ঘটে।

জানাগেছে, হোগলবাড়িয়া গ্রামের মনিরুলের স্ত্রী শোভা খাতুন তার শিশু কন্যাকে চিকিৎসার জন্য নিয়ে আসেন। টিকিট কাউন্টার থেকে টিকিট সংগ্রহ করে ১১৭ নাম্বার কক্ষের সামনে ডাক্তার দেখানোর জন্য লাইনে দাড়িয়ে অপেক্ষা করেন। এসময় তার ভেনেটি ব্যাগের চেইন খুলে ৬০০০ টাকা চুরি হয়ে যায়। একই সময় ফতাই পুর গ্রামের লাল্টু মিয়ার স্ত্রী জোসনা খাতুনও তার শিশু পুত্রের চিকিৎসা নিতে এসে উক্ত লাইনে অপেক্ষা করছিলেন। তার ব্যাগ থেকে ২৫০০ টাকা চুরি হয়ে যায়। তারা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষকে জানালে সিসি টিভি ফুটেজের মাধ্যমে চুরির বিষয়টি জানা যায়। এতে দেখা যায় একজন নারী চোর টাকা চুরির ঘটনা ঘটিয়েছে।

চিকিৎসা সেবা নিতে আসা অনেকেই জানান, শুধু আজকেই নয়, প্রতিনিয়তই রোগীদের টাকা চুরির ঘটনা ঘটছে। স্বাস্থ্য কমপ্লেক্রে মধ্যে পুলিশি তৎপরতার দাবী জানান ভুক্তভোগীরা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শুপ্রভা রানী জানান, রোগীদের টাকা চুরির বিষয়টি আমি শুনছি। একটি নারী চোর চক্র এগুলি ঘটাচ্ছে । আমি পুলিশি তৎপরতার জন্য কর্তৃপক্ষকে জানাবো।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাকের সাথে মোবাইলে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোন রিসিভ করেননি।

মায়ের সাথে অভিমান করে এসএসসি ফল প্রত্যাশীর আত্মহনন!

মায়ের ওপর অভিমান করে এসএসসি পরীক্ষার ফলাফল প্রত্যাশী লিজা আক্তার (১৫) বিষপান আত্মহত্যা করেছে।

সোমবার সকালে মেহেরপুরের গাংনীর করমদি গ্রামের গোসাইডুবি পাড়ায় মর্মান্তিক এ ঘটনাটি ঘটেছে লিজা আক্তার শান্তা ওই গ্রামের

বাহরাইন প্রবাসী জালাল উদ্দীনের মেয়ে।

শান্তার চাচা রেজাউল হক জানান, মায়ের সাথে সামান্য কথা কাটাকাটির জের ধরে অভিমান করে মেয়ে লিজা আক্তার শান্তা। এক পর্যায়ে সকাল ১০টার দিকে ঘরে রাখা বিষ পান করে সে। পরিবারের লোকজন টের পেয়ে তাকে স্থানীয় সন্ধানী হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক ডা. নুর আলম তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, আত্মহত্যার ঘটনাটি জানতে পেরে পুলিশ পাঠানো হয়েছে। পরিবারের লোকজনের সম্মতিতে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

রাষ্ট্রপতির কাছ থেকে স্বর্ণপদক পেলেন মেহেরপুরের আবির

স্নাতকে (সম্মান) অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) স্বর্ণপদকে ভূষিত হয়েছেন মেহেরপুরের জাহিদুল ইসলাম আবির। গত শনিবার (১৯ নভেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তনে আনুষ্ঠানিকভাবে তাকে স্বর্ণপদক প্রদান করা হয়।

রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ তাকে স্বর্ণপদক পরিয়ে দেন। এ সময় নোবেল বিজয়ী ফরাসি অর্থনীতিবিদ ড. জ্যঁ তিরোল, বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. এ এসএম মাকসুদ কামাল, রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার এবং বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ উপস্থিত ছিলেন।

জাহিদুল ইসলাম আবির মেহেরপুর সদর উপজেলার মোঃ নকিম উদ্দীনের সন্তান এবং মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (গঊঝউঅ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বর্তমান সভাপতি।

২০২০ সালের অনার্সে চারুকলা অনুষদভুক্ত সকল বিভাগের মধ্যে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় “শিল্পী অধ্যাপক কাইয়ুম চৌধুরী স্মৃতি স্বর্ণপদক”এ মনোনীত হয়ে রাষ্ট্রপতির হাত থেকে স্বর্ণপদক গ্রহণ করেন।

আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ে ৩২ লাখ টাকার নিয়োগ বাণিজ্যে!

কম প্রচলিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৪ টি পদে ৩২ লক্ষ টাকা বাণিজ্য করার অভিযোগ এনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও স্থানীয় প্রশাসনের কাছে লিখিত অভিযোগ দিয়েছে মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামবাসী।

আশরাফপুর গ্রামের মৃত হাবিবুর রহমানের ছেলে খোকন আলী এই অভিযোগ দেন। লিখিত অভিযোগে আশরাফপুর গ্রামের ২০ জন বিশিষ্ট ব্যক্তি স্বাক্ষর করেন।

অভিযোগে তিনি লেখেন, মেহেরপুরে আসেনা এমন দুটি প্রচলিত পত্রিকাতে গোপনে বিজ্ঞাপন দিয়ে আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার অপারেটর পদে ১০ লাখ টাকা চুক্তিতে জিনারুল ইসলামকে, নৈশকালিন গার্ড পদে ৮ লাখ টাকা চুক্তিতে মো: হাসান আলীকে, পরিচ্ছনতা কর্মী পদে ৭ লাখ টাকা চুক্তিতে মোছা: আখি খাতুনকে ও এমএলএসএস/ দপ্তরী পদে ৭ লাখ টাকা চুক্তিতে ইমাদুল ইসলামকে নিয়োগ দেওয়ার পায়তারা চালাচ্ছেন।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি আমদহ ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: তাহাজ উদ্দীন যৌথভাবে এই গোপন নিয়োগ বাণিজ্য করছেন বলে অভিযোগ করেন তিনি।

গ্রামবাসির পক্ষে অভিযোগকারী খোকন আলী আরো বলেন, ইতোপূর্বে প্রধান শিক্ষক মো: তাহাজ উদ্দীন বিদ্যালয়ের ফান্ডের অগ্রণী ব্যাংকের শাখা থেকে ৪ লাখ তুলে আত্মসাৎ করেন। পরে বিষয়টি জানাজানি হলে ম্যানেজিং কমিটির সভাপতি বিষয়টি নিয়ে বসে প্রধান

শিক্ষক তাহাজ উদ্দীনকে ৫০ হাজার টাকা জরিমানা করেন। বিদ্যালয় ৫০ হাজার টাকা পেলেও হদিস মেলেনি বাকি সাড়ে ৩ লাখ টাকা।

মেহেরপুরের একজন সাংবাদিকের কু পরামর্শেই অপ্রচলিত পত্রিকায় (পত্রিকা দুটি মেহেরপুরে আসেনা) ১০ হাজার টাকা নিয়ে বিজ্ঞাপন ছাপিয়েছে বলে অভিযোগ করেন তিনি।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আনারুল ইসলাম বলেন, টাকা নিয়োগ লোক নিয়োগ করার অভিযোগ এনে বিভিন্ন স্থানে লিখিত অভিযোগ দেওয়ার কারণে ওই নিয়োগ প্রক্রিয়া বন্ধ করে দিয়েছি। পরে আবারো বিজ্ঞাপন দিয়ে নিয়োগ প্রক্রিয়া শুরু করা হবে।

এ ব্যাপারে প্রধান শিক্ষক তাহাজ উদ্দীনের মোবাইল নম্বেও ফোন দিলে ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ এক নারী গ্রেফতার

৫ গ্রাম হেরোইনসহ কুলসুম খাতুন (৩৫) নামের এক নারীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
আটক কুলসুম খাতুন সদর উপজেলার সীমান্তবর্তি বাজিতপুর গ্রামের হাফিজুল ইসলামের স্ত্রী।
মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) আলামিন হোসেনের নেতৃত্বে পুলিশের একটি টিম রবিবার দিবাগত রাত ৮ টার দিকে যাদবপুর গোরস্থানের পাশে অভিযান চালিয়ে তাকে আটক করেন।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকতার্ (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।
ওসি রফিকুল ইসলাম জানান, আটক কুলসুমের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামরা দায়ের করা হয়েছে।
আজ সোমবার (২১ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে গুডনেইবারর্স এর উদ্যোগে বিশ্ব শিশু দিবস পালন

প্রতিটি শিশুর জন্য বিশ্ব শিশু দিবসে চাই সমতা এবং অন্তর্ভুক্তি, চাই বিশ্বের জন্য ভাল পরিবর্তন এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে গুডনেইবারর্স এর উদ্যোগে র্যালী, আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতার মধ্য দিয়ে পালন করা হয়েছে বিশ্ব শিশু দিবস।

দিবসটি উপলক্ষে রবিবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই বিশ্ব শিশু দিবস উপলক্ষে অফিস চত্বর থেকে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, সিডিপি এর এডমিন অফিসার লরেন্স ঢালী, সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ,সিডিপি এর মেডিক্যাল অফিসার ডাক্তার ইয়াসিন আল বাশার,সিডিপির সদস্য ও সমবায় সমিতির চেয়ারম্যান রেহেনা খাতুন। অনুষ্ঠানের শুরুতেই বিশ্ব শিশু দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন সিনিয়র এডমিন অফিসার লরেন্স ঢালী।দিবসটির উপলক্ষে আলোচনা সভায় বক্তারা এই দিনের উদ্দেশ্য এবং ইতিহাস। শিশুশ্রম এবং বাল্য বিবাহ কি।শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে গুডনেইবারর্স এর কার্যক্রম।শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে সরকারের পদক্ষেপ সম্পর্কে আলোচনা করেন।

অনুষ্ঠানের শেষে উপস্থিত শিশু ও তাদের অভিভাবকদের মাঝে উন্মূক্ত আলোচনা এবং কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। বিশ্ব শিশু দিবসের অনুষ্ঠানে ১২০ জন শিশু অংশগ্রহন করে।

মেহেরপুর ডিজিটাল ও উদ্ভাবনী মেলা সমাপ্ত

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে ২ দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার পুরুস্কার বিতরণ ও আলোচনা সভার মধ্য দিয়ে সমাপ্ত ঘোষণা করা হয়েছে।

রবিবার (২০ নভেম্বর) বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে মেলায় আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়।

পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার পুরস্কার বিতরণ।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনি ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, লিংকন বিশ্বাস, লিউজা-উল জান্নাহ, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক,কেএম জাহিদ হোসেন, টিটিসির অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

ডিজিটাল মেলায় রায় পূর্ণমূল্যায়নের দাবীতে জেলাকে প্রশাসকের কাছে আবেদন

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে ২ দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার পূণমূর্ল্যায়নের দাবীতে জেলা প্রশাসকের বরাবর তিন ছাত্র আবেদন করেছেন।

রবিবার (২০ নভেম্বর) বিকালের দিকে সমাপনি ও পুরস্কার বিতরণের

পরপরই তারা আবেদন করেন। আবেদনকারীরা হলেন মেহেরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের দশম শ্রেনীর ছাত্র সাইনুর রহমান, গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেনীর ছাত্র সানিম এহসান ও আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র মোহাম্মদ জিহাদ হাসান।

তারা অভিযোগ করেন, আমাদের ক্ষুদ্র জ্ঞানগুলো বৈজ্ঞানিক রুপ দিয়ে প্রজেক্টের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন মেলায় প্রদর্শন করেছি। প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের মুল সমস্যাগুলোর মধ্যে বিদ্যুৎ শক্তি, সড়ক দুর্ঘটনা, জানজট ও বৈদ্যতিক দুর্ঘটনা চিহিৃত করেছেন। প্রধান মন্ত্রীর সেই চ্যালেঞ্জগুলোর বৈজ্ঞানিক সমাধান বের করে আমাদের মত প্রদর্শন করেছি। কিন্তু দু:খের বিষয় বিচারকদের মূল্যায়ন প্রক্রিয়ায় আমরা কোমলমতি শিক্ষার্থীদের হৃদয় ভেঙ্গে দিয়েছে। আমরা বিচার প্রক্রিয়ায় হতাশ হয়েছি। এটা যেহেতু ডিজিটাল উদ্ভাবনি মেলা। এটাকে ডিজিটাল সেবার সাথে কিভাবে মেলানো হয়েছে। বিচার প্রক্রিয়ায় ডিজিটাল উদ্ভাবনকে সেবার সাথে মিলিয়ে বিচার করা হয়েছে। এই প্রক্রিয়ায় বিরোধীতা করে তারা আবারো পুন:মূল্যায়নের দাবী জানান তারা।

উল্লেখ্য, ডিজিটাল উদ্ভাবনী মেলায় বিচারকদের রায়ে মেহেরপুর টিটিসি প্রথম, বাংলাদেশ পুলিশ দ্বিতীয় এবং মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি ও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় যৌথভাবে তৃতীয় পুরস্কার লাভ করেন।

দু’দেশের নো ম্যান্স ল্যাল্ডে মৃত মায়ের মুখ দেখলেন মেয়ে

মায়ের বাড়ি ভারতে হলেও মেয়েকে বিয়ে দিয়েছেন বাংলাদেশে। বিয়ের পর কয়েক বার দেখা হয়েছে মা ও মেয়ের মধ্যে। সেই কবে থেকে মায়ের মুখটা দেখার জন্য, তার মুখের কথা শোনার জন্য, একটু হাতের পরশ পাওয়ার জন্য বারবার মনটা কাঁদতো মেয়ে আমিরা খাতুনের। কিন্তু দেখা হয়নি

দীর্ঘদিন। কাটা তারের বেড়া যেনো তাদের সেই ভালবাসায় বাঁধা হয়েছিল। কিন্তু সেই বাঁধা দুর হলো মায়ের মৃত্যুর পর।

মৃত মায়ের মুখটা এক নজর দেখার আবেদন করেছিলেন মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের উজ্জল শেখের স্ত্রী মোছাঃ আমিরা খাতুন (৪০)।

তার এই মানবিক আবেদনে সাড়া দেন উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনী। ভারতীয় ভূখন্ডে মুত্যুবরণকারী মা ওয়াছন বিবি (৯০) এর লাশ শেষ দর্শনের জন্য মানবিক উদ্যোগ নেয় বিজিবি-বিএসএফ।

শনিবার (১৯ নভেম্বর) বিকালে ৬ ব্যাটালিয়নের অধিনস্থ মুজিবনগরের আনন্দবাস বিওপির সীমান্তের মেইন পিলার ১০১ এর নিকট ভারতের অভ্যন্তরে তার মা ভারতীয় নাগরিক ওয়াছন বিবি (৯০) এর মরদেহ দেখার সুযোগ করে দেন। এসময় মৃতের নিকট আত্মীয় স্বজনরাও উপস্থিতি ছিলেন।

আজ রবিবার (২০ নভেম্বর) বিকালে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) অধিনায়ক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি প্রেসনোটের মাধ্যমে এতথ্য নিশ্চিত করেন।

বিজিবির পাঠানো প্রেস নোটে জানা গেছে, ভারতের নদীয় জেলার চাপড়া থানার ভাতগাছি গ্রামের ওয়াছন বিবি (৯০) বার্ধক্যজনিত কারণে মারা যায়। ভারতীয় ভূখন্ডে মুত্যুবরণকারী মাকে শেষ দেখার অনুরোধের প্রেক্ষিতে বিজিবি-বিএসএফ এর সমন্বয়ে মানবিক কার্যক্রমের অংশ হিসেবে এই ব্যবস্থা নেওয়া হয়।

তিনি বলেন, উভয় দেশের সীমান্তে শান্তি, সস্প্রীতি এবং সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে সু-সম্পর্ক উন্নয়নের অংশ হিসেবে বিজিবি-বিএসএফ এর মানবিক কার্যক্রম। এই কার্যক্রমের মাধ্যমে উভয় দেশের সীমান্তে বসবাসরত সীমান্তবর্তী জনগণের মধ্যে সুম্পর্ক উন্নয়ন সাধিত হবে এবং ভবিষ্যতে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে মাইলফলক হিসেবে কাজ করবে।
এছাড়াও উভয় সীমান্তে ভ্রাতৃত্ববোধ বৃদ্ধির প্রেক্ষিতে আন্তঃরাষ্ট্রীয় সীমান্ত অপরাধ হ্রাস পাবে বলে আশা করা যায়।